

মাননীয় শিক্ষামন্ত্রীর দপ্তর

সত্যিকারের মানুষ হতে হলে শুধুমাত্র পুথিগত জ্ঞানই যথেষ্ট নয়

শিক্ষামন্ত্রী ডা.দীপু মনি

ঢাকা ২১ জুন ২০২২

সত্যিকারের মানুষ হতে হলে শুধু পুথিগত জ্ঞান যথেষ্ট নয় বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি আজ চলতি বছরের দেশসেরা শিক্ষা প্রতিষ্ঠান, সেরা শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাদের আনুষ্ঠানিকভাবে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থীদের উদ্দেশ্যে এ কথা জানান।

রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনয়তনে শিক্ষা সপ্তাহ ২০২২ উপলক্ষ্যে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. আবু বকর ছিদ্দীক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক নেহাল আহমেদসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি ভার্চুয়াল মাধ্যমে যুক্ত ছিলেন। আর অনুষ্ঠানে সরাসরি উপস্থিত থেকে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী সেরাদের হাতে পুরস্কার তুলে দেন।

এ বছর দেশসেরা বিদ্যালয় হয়েছে রাজশাহীর সরকারি পি এন (প্রমথ নাথ) বালিকা উচ্চ বিদ্যালয়। আর কলেজ পর্যায়ে দেশসেরা নির্বাচিত হয়েছে ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ। এছাড়া কারিগরিতে দেশসেরা হয়েছে রংপুর টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ। গত ৫-৬ জুন কেন্দ্রীয়ভাবে রাজধানীতে চূড়ান্ত প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে ১৫ ক্যাটাগরিতে সাংস্কৃতিক কারিকুলামসহ মোট ২১৩ জনকে ২০২২ সালের বর্ষসেরা ঘোষণা করা হয়।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, ‘প্রতিযোগিতার মধ্য দিয়ে আরও ভালো করা উৎসাহিত করা শিক্ষার গুণগত মান অর্জন করা যায়। জাতির পিতার যে শিক্ষা ভাবনা, তাতে তিনি কী মানুষ চেয়েছিলেন? বঙ্গবন্ধুর চাওয়া অনুযায়ী শুধু কেরানি তৈরি করার শিক্ষা ব্যবস্থা ভেঙে দিয়ে স্বাধীন দেশের স্বাধীন মনের মানুষ তৈরি করার চেষ্টা করছি। আমরা চাই শিক্ষার মাধ্যমে আত্মবিশ্বাসী বিজ্ঞান মনস্ক মানুষ তৈরি হবে। প্রযুক্তিবান্ধব মানুষ হবে, মানবিক গুণাবলী সমৃদ্ধ মানুষ হবে। একে অন্যের পাশে দাঁড়াতে এমন মানুষ তৈরি হবে। সত্যিকারের সোনার মানুষ হতে হলে পুথিগত জ্ঞানই যথেষ্ট নয়। নিশ্চয় আমরা জ্ঞান অর্জন করবো। শুধু বইয়ে যা পড়ছি সেই দক্ষতা তা নয়, সফট স্কিলসহ নানা ধরনের দক্ষতা অর্জন করবো।’

রাজধানীর বাইরে অনেক প্রতিষ্ঠান, শিক্ষক ও শিক্ষার্থীরা সেরা নির্বাচিত হয়েছেন। এ প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, ‘সব ভালো ঢাকার মধ্যে রয়েছে তা বোধহয় ঠিক নয়। তা বুঝবার সময় এসেছে। সারাদেশে বহু ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান রয়েছে। সারাদেশের অনেক প্রতিষ্ঠানে অনেক মেধাবী শিক্ষক রয়েছেন। যারা প্রচণ্ড পরিশ্রম করছেন, শিক্ষার্থীদের ভালো শিক্ষার্থী তৈরি করার জন্য।’

শিক্ষা উপমন্ত্রী বলেন, বাজেট বাড়িয়ে বরাদ্দ বাড়ালেই হবে না। শুধু অবকাঠার ওপর আর খুব বেশি গুরুত্ব দেবো না। জেলায় জেলায় বিশ্ববিদ্যালয় হচ্ছে, অবকাঠামো হচ্ছে, কিন্তু সেগুলো কারা পরিচালনা করবেন? সবচেয়ে বেশি সেখানে মানবসম্পদ প্রয়োজন। মানব সম্পদ যদি ঠিক থাকে তাহলে বটবৃক্ষের নিচে বসেও পাঠদান করা যায়। মানব সম্পদ সঠিক না থাকে তাহলে এয়ারকন্ডিশনে বসেও পাঠদান করাতে পারবো না। এমন কোনও উন্নয়ন শিক্ষা খাতে করতে চাই না, যেখানে শুধু যন্ত্র কেনা হবে, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হবে, উপজেলায় উপজেলায় সুন্দর সুন্দর অবকাঠামো তৈরি হবে, কিন্তু আমার সন্তানের যে প্রশিক্ষণ পাওয়া দরকার, যে দক্ষতা অর্জনের দরকার সেই লোকগুলো আমরা পাচ্ছি না। বৃত্তির সঙ্গে সম্পর্কিত লোকদের আমরা আনতে পারছি না। কর্মউপযোগী আমরা করতে পারছি না। শিক্ষার্থীদের কর্মউপযোগী করার জন্য প্রয়োগিক শিক্ষা খুবই গুরুত্বপূর্ণ। এই প্রয়োগিক শিক্ষার জন্য শিক্ষকদের আহ্বান জানাবো সহশিক্ষা কার্যক্রম, বিদ্যালয়ে জীবন ও জীবিকার সঙ্গে শিক্ষার্থীদের সম্পর্ক স্থান করতে হবে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. আবু বকর ছিদ্দীক বলেন যে শিক্ষা আমাদেরকে মানুষ হিসেবে গড়ে তুলতে পারে না সে শিক্ষা নিস্প্রয়োজন। শিক্ষার কাজ হলো মানসম্মত মানুষ তৈরি করা। উন্নত মানুষ ছাড়া উন্নত বাংলাদেশ অসম্ভব।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮